

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়া ফেডারেল পার্লামেন্টের বিরোধী দলীয় উপ-নেতার সাথে বৈঠকের সিদ্ধান্ত



স্থানীয় সংবাদ দাতা: ১৫ ই জুন রোজ সোমবার হিলসডেলস্থ ছাত্রদলের অস্থায়ী কার্যালয়ে ছাত্রদল সভাপতি মোসলেহউদ্দিন আরিফ এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক অবস্থার উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং আগামী ১৯শে জুন ২০০৯ তারিখে অস্ট্রেলিয়া ফেডারেল পার্লামেন্টের বিরোধী দলীয় উপ-নেতার সাথে বৈঠকের সর্বসম্মতি সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় আরো সিদ্ধান্ত নেয়া হয় যে ছাত্রদলের সভাপতি মোসলেহউদ্দিন আরিফের নেতৃত্বে একটি প্রতিনিধি দল বৈঠকে অংশগ্রহণ করবেন। বৈঠকে ভারত কর্তৃক টিপাই নদী বাধ প্রকল্পের বিরোধিতা, পিলখানা হত্যাকাণ্ডের অজুহাতে সাজানো মামলায় গ্রেফতারকৃত প্রাক্তন ছাত্রদল নেতা ও প্রাক্তন সাংসদ নাসিরউদ্দিন পিন্টু, প্রাক্তন ডেপুটি স্পীকার আখতার হামিদ সিদ্দিকীর মুক্তি ও সংসদে বিরোধী দলীয় নেত্রী বেগম খালেদা জিয়ার বাসভবন নিয়ে চক্রান্ত ও তার নিরাপত্তা প্রত্যাহার, এশিয়ান হাইওয়ে সহ বাংলাদেশের বর্তমান সার্বিক অবস্থা তুলে ধরে এক স্মারকলিপি পেশ করা হবে।

সভায় আরো সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে ভারতীয় কর্তৃপক্ষ কর্তৃক সকল আন্তর্জাতিক নিয়ম ভঙ্গ করে বাংলাদেশকে মরুভূমি করার চক্রান্তে বর্তমান দেশ বিরোধী আওয়ামী সরকারের কারসাজিতে 'টিপাই নদী' মুখে বাধ নির্মাণ প্রকল্পের বিরোধিতা করে আগামী ২৪শে জুন ২০০৯ তারিখে সিডনিস্থ ভারতীয় দূতাবাসে স্মারকলিপি প্রদান করা হবে।

সভায় আরো যারা উপস্থিত ছিলেন তাদের মধ্যে ছাত্রদল অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সুমন, সিনিয়ার সহ-সভাপতি এএনএম মাসুম, সহ-সভাপতি ওমর ফারুক, ফারুক হোসেন, যুগ্ম সম্পাদক সালাউদ্দিন মানিক, নিউ সাউথ ওয়েলস ছাত্রদলের সভাপতি হাসান আল মামুন ও সাধারণ সম্পাদক মোস্তফা মোরশেদ নিখুন, কাজী হাসান, মাজনুন হাবিব রনি, প্রচার সম্পাদক আরফিন রোমিও, ওয়াজিয়া শারমীন, জাহাঙ্গীর হোসেন, আব্দুর রহিম, সজিব আহমেদ, সর্দার মো: খালেদ অন্যতম।